**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৬৩

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি'র নতুন অফিসিয়াল ওয়েবসাইট চালুকরণ।**

বাংলাদেশের পুঁজিবাজারের নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) বিনিয়োগকারী, সর্বসাধারণ ও পুঁজিবাজারের অংশীজনদের আরও উন্নত, সহজলভ্য ও কার্যকর তথ্য ও সেবা প্রদানের লক্ষ্যে এর বিদ্যমান অফিসিয়াল ওয়েবসাইটকে আধুনিক ও উন্নত করার উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগের ধারাবাহিকতায় আজ ৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বিএসইসির নতুন ও আধুনিক অফিসিয়াল ওয়েবসাইট আনুষ্ঠানিকভাবে চালু করা হয়েছে। বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান-এর নেতৃত্বে এবং কমিশনার (আইসিটি) জনাব তানভীর হাবিব রহমান, সিপিএ-এর তত্ত্বাবধানে কমিশনের আইসিটি ডিভিশনের উদ্যোগে, একটি টেকনোলজি পার্টনার প্রতিষ্ঠানের কারিগরি সহায়তায় নতুন ওয়েবসাইটটি ডেভেলপ করা হয়েছে।

নতুন ওয়েবসাইটের মাধ্যমে সর্বসাধারণ বিএসইসির আইন-কানুন, এনফোর্সমেন্ট অ্যাকশন, প্রেস রিলিজ, টেন্ডার বিজ্ঞপ্তি, জনগুরুত্বপূর্ণ অফিস আদেশ, নিবন্ধনপ্রাপ্ত বিভিন্ন স্টেকহোল্ডারের তালিকা, আইপিও/আরপিও প্রসপেক্টাসসহ কমিশন-সংশ্লিষ্ট বিভিন্ন তথ্যাদি সহজেই দেখতে ও সংগ্রহ করতে পারবেন। পাশাপাশি, নতুন ওয়েবসাইটের মাধ্যমে বিএসইসির বিভিন্ন সেবা ও সেবা-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যও সহজে পাওয়া যাবে। ফলে বিনিয়োগকারী, পুঁজিবাজারের অংশীজন এবং সাধারণ সেবাগ্রহীতারা তাঁদের প্রয়োজনীয় তথ্য ও সেবা-সংক্রান্ত বিষয়াদি দ্রুত ও সহজে জানতে পারবেন। বিশেষ করে, সেবা সংক্রান্ত তথ্যাবলী প্রাপ্তিতে এটি একটি গুরুত্বপূর্ণ তথ্যের উৎস হিসেবে কাজ করবে।

বিশ্বের স্বনামধন্য পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহের আধুনিক ওয়েবসাইটের সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন ওয়েবসাইটটি ডেভেলপ করা হয়েছে। এতে উন্নত সাইবার নিরাপত্তা ব্যবস্থা, আধুনিক ও ব্যবহারবান্ধব ইন্টারফেস এবং তথ্য ও সেবা সহজে প্রাপ্তির সুবিধা সংযুক্ত করা হয়েছে। ফলে বিনিয়োগকারী, পুঁজিবাজারের অংশীজন ও সাধারণ সেবাগ্রহীতারা প্রয়োজনীয় তথ্য ও সেবা-সংক্রান্ত বিষয়াদি আরও সহজে ও দ্রুত জানতে পারবেন।

সর্বোপরি, পুঁজিবাজারে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণ এবং বিনিয়োগকারীবান্ধব সেবা সম্প্রসারণের পাশাপাশি বিএসইসির চলমান ডিজিটাল রূপান্তর কার্যক্রমকে আরও গতিশীল করতে নতুন ওয়েবসাইটটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

নতুন ওয়েবসাইট চালু হওয়ায় বিএসইসি'র পূর্ববর্তী ওয়েবসাইটটি আজ হতে বন্ধ থাকবে।

নতুন ওয়েবসাইট এর লিংকঃ https://sec.gov.bd

ওয়েবসাইট সম্পর্কে যেকোনো মতামত, পরামর্শ বা ফিডব্যাক website@sec.gov.bd ই-মেইল ঠিকানায় পাঠানো যেতে পারে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

০৬/০৯/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র